যুগান্তর

তারিখ 03 OCT 2016
পৃষ্ঠা ৩৩ কলাম ৫

# মানসম্মত শিক্ষার কোনো বিকল্প নেই

—প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

**আশুলিয়া (ঢাকা) প্রতিনিধি**

আশুলিয়া টঙ্গাবাড়ি এলাকার আনোয়ার জং সরকারি প্রাথমিকসহ বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনে এসে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বলেন মানসম্মত শিক্ষার কোনো বিকল্প নেই। মানসম্মত শিক্ষা ও শিক্ষার পরিবেশ বজায় রাখতে সরকার বদ্ধপরিকর।

মন্ত্রী আরও বলেন, অনেক ব্যবসায়ীদের এখন টার্গেট বেসরকারি স্কুল ব্যবসা। শিক্ষা ব্যবস্থাকে পুঁজি করে কাউকে ব্যবসা করতে দেয়া হবে না। তবে মানসম্মত শিক্ষা ও শিক্ষার পরিবেশ সুন্দর থাকলে সেটা সবার কাছে গ্রহণযোগ্য হবে। এ সময় তার সঙ্গে ছিলেন সেভ দ্য চিলড্রেনের কান্ট্রি ডিরেক্টর মার্ক পিয়র্স, আশুলিয়া ইউনিয়নের চেয়ারম্যান শাহাব উদ্দিন মাদবর ও সাভার উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সরকার আবুল কালাম আজাদসহ স্থানীয় আওয়ামী লীগ নেতারা।